

পন্য/সেবা সরবরাহকারী/আবেদনকারী প্রতিষ্ঠানের স্ব-ঘোষণা ও আচরণবিধি

সংশ্লিষ্ট দরপত্র/ক্রয় সংক্রান্ত তথ্যসূত্র:
সংশ্লিষ্ট দরপত্রের (পন্য/সেবা) শিরোনাম:
দরদাতা/সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম:

নির্দেশনা:

দরদাতা/সরবরাহকারী প্রতিষ্ঠানকে নিয়ে উল্লিখিত প্রতিটি ঘোষণা ও অঙ্গীকার মনোযোগসহকারে পর্যালোচনা করতে হবে এবং প্রতিটি প্রযোজ্য ঘরে ✓ চিহ্ন দিতে হবে। এই স্ব-ঘোষণা ও আচরণবিধি দরপত্রের একটি অবিচ্ছেদ্য অংশ হিসেবে এবং, প্রযোজ্য ক্ষেত্রে, এর ভিত্তিতে সম্পাদিত চুক্তি, ক্রয়াদেশ, ফ্রেমওয়ার্ক এগ্রিমেন্ট বা সমঝোতা স্মারকের অংশ হিসেবে গণ্য হবে।

ক. বাধ্যতামূলক পরিপালন ঘোষণা:

☐ ১. প্রযোজ্য আইন ও YPSA-এর নীতিমালা ও শর্তাবলি পরিপালন

আমি/আমরা নিশ্চিত করছি যে, এই ক্রয়প্রক্রিয়া এবং এর ফলে সম্পাদিত যেকোনো চুক্তি/সমঝোতার ক্ষেত্রে প্রযোজ্য সকল আইন, বিধি-বিধান, চুক্তির শর্তাবলি এবং YPSA-এর সংশ্লিষ্ট নীতিমালা, কার্যপদ্ধতি ও নৈতিক মানদণ্ড যথাযথভাবে মেনে চলব।

☐ ২. যৌন শোষণ, নির্যাতন ও হয়রানি প্রতিরোধ (PSEA/PSEAH)

আমি/আমরা যৌন শোষণ, যৌন নির্যাতন, যৌন হয়রানি এবং অন্যান্য ধরনের যৌন অসদাচরণের ক্ষেত্রে শূন্য-সহনশীলতা (Zero Tolerance) নীতি অনুসরণ করতে প্রতিশ্রুতিবদ্ধ। YPSA-সংশ্লিষ্ট কার্যক্রমে নিয়োজিত সকল কর্মী, প্রতিনিধি ও সংশ্লিষ্ট ব্যক্তির ক্ষেত্রে যথাযথ পেশাগত আচরণের মানদণ্ড বজায় রাখব।

☐ ৩. লিঙ্গ সমতা, মর্যাদা ও বৈষম্যহীনতা

আমি/আমরা সকল ব্যক্তির মর্যাদা, সমতা ও অধিকারের প্রতি সম্মান প্রদর্শন করব এবং লিঙ্গ, প্রতিবন্ধিতা, বয়স, ধর্ম, জাতিসত্তা, সামাজিক মর্যাদা বা অন্যান্য বৈশিষ্ট্যের ভিত্তিতে কোনো ধরনের বৈষম্য, হয়রানি, ভীতি প্রদর্শন বা অবমাননাকর আচরণ করব না।

☐ ৪. শিশু সুরক্ষা ও নিরাপত্তা

আমি/আমরা শিশু সুরক্ষা ও নিরাপত্তা সংক্রান্ত সকল প্রযোজ্য শর্তাবলি ও নীতিমালা মেনে চলার অঙ্গীকার করছি। আমরা শিশুদের শোষণ, নির্যাতন, অবহেলা বা ঝুঁকির মধ্যে ফেলতে পারে এমন কোনো কর্মকাণ্ডে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত হব না, সহায়তা করব না এবং তা সহ্য করব না। YPSA-এর সঙ্গে চুক্তির মেয়াদকালে কোনো পর্যায়েই শিশুশ্রমের ব্যবহার করা হবে না।

☐ ৫. ঘুষ, দুর্নীতি ও জালিয়াতি প্রতিরোধ

আমি/আমরা কোনো ক্রয় বা ব্যবসায়িক সিদ্ধান্তকে অনুচিতভাবে প্রভাবিত করার উদ্দেশ্যে কোনো ঘুষ, কিকব্যাক (Kickback), সুবিধা প্রদানের অর্থ (Facilitation Payment), অনুচিত কমিশন, উপহার বা অন্য কোনো অন্যায় সুবিধা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রস্তাব, প্রতিশ্রুতি, প্রদান, অনুরোধ বা গ্রহণ করব না। আমরা জালিয়াতি, যোগসাজশ, দরপত্রে কারসাজি বা অন্য কোনো দুর্নীতিমূলক বা অনৈতিক কর্মকাণ্ডে লিপ্ত হব না।

☐ ৬. স্বার্থের সংঘাত (Conflict of Interest)

আমি/আমরা ঘোষণা করছি যে, আমাদের জ্ঞান ও বিশ্বাস অনুযায়ী, এই ক্রয়প্রক্রিয়ার ক্ষেত্রে কোনো প্রকৃত, সম্ভাব্য বা ধারণাগত/দৃশ্যমান স্বার্থের সংঘাত বিদ্যমান নেই। ক্রয়প্রক্রিয়া বা চুক্তির মেয়াদকালে কোনো স্বার্থের সংঘাত সৃষ্টি হলে বা শনাক্ত হলে আমরা তা অবিলম্বে YPSA-কে লিখিতভাবে অবহিত করব।

☐ ৭. অর্থ পাচার প্রতিরোধ ও নিষিদ্ধ কার্যক্রম

আমি/আমরা YPSA-এর কাছ থেকে পন্য/সেবা সরবরাহের বিপরীতে কোনো বিল প্রাপ্ত হলে তা অর্থ পাচার, সন্ত্রাসবাদে অর্থায়ন বা অন্য কোনো বেআইনি উদ্দেশ্যে ব্যবহার করব না। চুক্তি/ক্রয়াদেশ-সংক্রান্ত সকল প্রয়োজনীয় ব্যবসায়িক ও আর্থিক নথিপত্র সঠিক, স্বচ্ছ এবং নিরীক্ষাযোগ্যভাবে সংরক্ষণ করব।



☐ ৮. দরপত্র/দাখিলকৃত তথ্যের সত্যতা ও নির্ভুলতা

আমি/আমরা প্রত্যয়ন করছি যে, YPSA-এর কাছে দাখিলকৃত সকল তথ্য, নথিপত্র, সনদপত্র, ঘোষণা এবং কারিগরি ও আর্থিক প্রস্তাব আমাদের জ্ঞান ও বিশ্বাস অনুযায়ী সত্য, সম্পূর্ণ ও নির্ভুল। আমরা ইচ্ছাকৃতভাবে কোনো গুরুত্বপূর্ণ তথ্য গোপন করিনি এবং কোনো বিভ্রান্তিকর তথ্য বা নথি প্রদান করিনি।

☐ ৯. অসদাচরণ রিপোর্টিং ও তদন্তে সহযোগিতা

আমি/আমরা প্রত্যয়ন করছি, দুর্নীতি, PSEA/PSEAH, সুরক্ষা-সংক্রান্ত নীতিমালা লঙ্ঘন, গুরুতর অসদাচরণ বা অন্যান্য অনৈতিক কর্মকাণ্ডের কোনো ঘটনা বা যৌক্তিক সন্দেহের বিষয়ে YPSA-এর নির্ধারিত রিপোর্টিং ব্যবস্থার মাধ্যমে যথাসময়ে অবহিত করব। একইসঙ্গে, যেকোনো বৈধ পর্যালোচনা, যাচাই, অডিট বা তদন্তে পূর্ণ সহযোগিতা প্রদান করব।

☐ ১০. পরিপালন না করার পরিণতি

আমি/আমরা স্বীকার করছি যে, এই স্ব-ঘোষণা ও আচরণবিধির কোনো শর্ত লঙ্ঘিত হলে YPSA-এর প্রযোজ্য নীতিমালা এবং/অথবা চুক্তির শর্তাবলি অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হতে পারে। এর মধ্যে দরপত্র প্রত্যাখ্যান, অযোগ্য ঘোষণা, সাময়িক বা স্থায়ীভাবে নিষিদ্ধ/ডিবারমেন্ট (Debarment), চুক্তি বাতিল এবং/অথবা প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে বিষয়টি প্রেরণ অন্তর্ভুক্ত থাকতে পারে।

খ. অনুমোদিত প্রতিনিধির প্রত্যয়ন

আমি/আমরা এতদ্বারা প্রত্যয়ন করছি যে, উপরের ঘোষণাগুলো সত্য ও সঠিক এবং দরদাতা/বিক্রেতার পক্ষে এই ঘোষণা প্রদানের জন্য আমি/আমরা যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত। আমি/আমরা আমাদের কর্মী, প্রতিনিধি এবং প্রযোজ্য ক্ষেত্রে উপ-তিকাদারদের দ্বারা উপরের শর্তাবলি প্রতিপালন নিশ্চিত করার প্রতিশ্রুতি দিচ্ছি।

আমি/আমরা এতদ্বারা প্রত্যয়ন করছি যে, উপরোক্ত সকল ঘোষণা ও অঙ্গীকার আমাদের জ্ঞান ও বিশ্বাস অনুযায়ী সত্য, সম্পূর্ণ ও সঠিক এবং দরদাতা/সরবরাহকারী প্রতিষ্ঠানের পক্ষে এই ঘোষণা প্রদানের জন্য আমি/আমরা যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত।

আমি/আমরা আমাদের কর্মী, প্রতিনিধি, এজেন্ট এবং প্রযোজ্য ক্ষেত্রে উপ-তিকাদারদের দ্বারা উপরোক্ত শর্তাবলি ও আচরণবিধি যথাযথভাবে পরিপালন নিশ্চিত করার অঙ্গীকার করছি।

দরদাতা/সরবরাহকারী প্রতিষ্ঠানের তথ্য ও অনুমোদিত প্রতিনিধির স্বাক্ষর

দরদাতা/বিক্রেতা/সরবরাহকারী	অনুমোদিত প্রতিনিধি
প্রতিষ্ঠানের নিবন্ধিত নাম:	নাম:
নিবন্ধিত ঠিকানা:	পদবি:
টেলিফোন/ইমেইল:	স্বাক্ষর:
কোম্পানির সিল/স্ট্যাম্প:	তারিখ:

দরদাতা/সরবরাহকারী প্রতিষ্ঠানের পক্ষে,

অনুমোদিত প্রতিনিধির স্বাক্ষর:

নাম:

পদবী

তারিখ:

কোম্পানির সিল/স্ট্যাম্প:

দৃষ্টব্য: এই নথির প্রতিটি পৃষ্ঠা, সরবরাহকারী/দরদাতা কর্তৃক প্রতিটি পৃষ্ঠায় Initial/সংক্ষিপ্ত স্বাক্ষর প্রদান করতে হবে।

Young Power in Social Action (YPSA) prescribed mandatory requirement

(Annexure-3)

